বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## জনসংযোগ অধিশাখা

**স্মারক নং- ১৭.০০.০০০০.০৪০.৩৬.০০১.২৫**

**তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ**
**১৮ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ**

### সংবাদ বিজ্ঞপ্তি

অদ্য ১৮ নভেম্বর ২০২৫ তারিখে জনাব আখতার আহমেদ সিনিয়র সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, সাংবাদিকদের উদ্দেশ্যে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে ভোটার তালিকা হালনাগাদ অগ্রগতি, রাজনৈতিক দল নিবন্ধন প্রক্রিয়া এবং 'Postal Vote BD' অ্যাপ উদ্বোধন সংক্রান্ত সর্বশেষ তথ্য উপস্থাপন করেন।

**ভোটার তালিকা হালনাগাদ**

**আজ পর্যন্ত (১৮ নভেম্বর ২০২৫) মোট ভোটার সংখ্যা দাঁড়ায় ১২,৭৬,৯৫,১৮৩, যার মধ্যে পুরুষ ৬,৪৮,১৪,৯০৭ (৫০.৭৩%), মহিলা ৬,২৮,৭৯,০৪২ (৪৯.২৬%) এবং হিজড়া ১,২৩৪ জন।**

১–১৭ নভেম্বর ২০২৫ সময়কালে রিভাইজিং অথরিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে মোট ৮২,৭৯৯ নতুন ভোটার তালিকাভুক্ত হন। এর মধ্যে পুরুষ ৫৪,৫২৫, মহিলা ২৮,২৭০ এবং হিজড়া ৪ জন।

২ মার্চ থেকে ১৮ নভেম্বর ২০২৫ সময়কালে মোট ভোটার বৃদ্ধির হার ৩.২০%, যেখানে পুরুষ ভোটার বৃদ্ধি ২.২৯% এবং মহিলা ভোটার বৃদ্ধি ৪.১৬%।

**রাজনৈতিক দল নিবন্ধন প্রক্রিয়া**

নতুন রাজনৈতিক দল নিবন্ধনের ক্ষেত্রে জাতীয় নাগরিক পার্টি–এনসিপি এবং বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী)–এর নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উভয় দলের ক্ষেত্রে প্রজ্ঞাপন জারি ও সার্টিফিকেট প্রস্তুত করা হয়েছে। এছাড়া বাংলাদেশ আম জনগণ পার্টি–র ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রাপ্ত আপত্তির ভিত্তিতে অধিকতর পর্যালোচনা ও শুনানির পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এছাড়া প্রাথমিকভাবে বাতিল হওয়া (২২ দলের বাহিরে থাকা) ৭ দলের পুনঃবিবেচনা শেষে—বাংলাদেশ জনপ্রিয় পার্টি (BPP), বাংলাদেশ রিপাবলিকান পার্টি (BRP), বাংলাদেশ জাস্টিস পার্টি (BJP), বাংলাদেশ নাগরিক দল–BND, বাংলাদেশ রক্ষণশীল দল, বাংলাদেশ শান্তির দল, বাংলাদেশ জনঅধিকার পার্টি—আবেদনসমূহ না-মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

দ্বিতীয় পর্যায়ে অধিকতর তদন্তে (২২ দলের মধ্যে) না-মঞ্জুর হওয়া ৭টি দলের পুনঃবিবেচনার আবেদন—বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ, বাংলাদেশ গণতান্ত্রিক পার্টি (BGP), জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ–শাজাহান সিরাজ), জাতীয় জনতা পার্টি, বাংলাদেশ জাস্টিস এন্ড ডেভেলপমেন্ট পার্টি, আমজনতার দল এবং জনতার দল—অধিকতর তদন্ত শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

অ: পৃ: দ্র:



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রবাসী ভোটিং অ্যাপ**

বাংলাদেশ নির্বাচন কমিশন প্রথমবারের মতো প্রবাসী বাংলাদেশী রেমিট্যান্স যোদ্ধাদের ভোটাধিকার নিশ্চিত করতে পোস্টাল ভোটিং ব্যবস্থা কার্যকর করেছে। এ লক্ষ্যে আজ ১৮ নভেম্বর ২০২৫ সন্ধ্যা ৬:০০টায় নির্বাচন ভবনের অডিটোরিয়ামে 'Postal Vote BD' মোবাইল অ্যাপ উদ্বোধন করা হয়। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার অ্যাপটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে পোস্টাল ভোটিং ব্যবস্থার প্রেক্ষাপট, কার্যপ্রণালি এবং অ্যাপের মাধ্যমে অনলাইন নিবন্ধন পদ্ধতি বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য পোস্টাল ভোটিং নিবন্ধনের সময়সূচি ঘোষণা করেছে। এই নিবন্ধন কার্যক্রম অঞ্চলভিত্তিক ধাপে ধাপে সম্পন্ন হবে।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য মোট ১৪৮টি নির্দিষ্ট দেশের পোস্টাল ভোটিং নিবন্ধনের সময়সূচি ঘোষণা করেছে। এই নিবন্ধন কার্যক্রম অঞ্চলভিত্তিক ধাপে ধাপে সম্পন্ন হবে।

• নিবন্ধন শুরুর তারিখ: আগামীকাল, ১৯ নভেম্বর ২০২৫ থেকে পূর্ব এশিয়া, আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকার প্রবাসীদের নিবন্ধনের মাধ্যমে এই কার্যক্রম শুরু হচ্ছে।

• ধাপসমূহ:

• ১৯ - ২৩ নভেম্বর: পূর্ব এশিয়া, আফ্রিকা, দক্ষিণ আমেরিকা।

• ২৪ - ২৮ নভেম্বর: উত্তর আমেরিকা, ওশেনিয়া।

• ২৯ নভেম্বর - ০৩ ডিসেম্বর: ইউরোপ।

• ০৪ - ০৮ ডিসেম্বর: সৌদি আরব।

• ০৯ - ১৩ ডিসেম্বর: দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া।

• ১৪ - ১৮ ডিসেম্বর: মধ্যপ্রাচ্য (সৌদি আরব ব্যতীত অন্যান্য দেশ)।

পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রবাসে অবস্থানরত বাংলাদেশি ভোটার, নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা–কর্মচারী, নিজ এলাকার বাইরে কর্মরত সরকারি চাকুরিজীবী, নির্বাচনের দায়িত্ব পালন–সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মীবৃন্দ, আইনি হেফাজতে থাকা ভোটারগণ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

১৮/১১/২৫

(মোঃ রুহুল আমিন মল্লিক)
পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫২০
ই-মেইল:
dirpr@ecs.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে কার্যার্থে):

১। সিস্টেম ম্যানেজার, আইনি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় (ওয়েবসাইট, ইউটিউব, ফেসবুক পেজ ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করার অনুরোধসহ)।
২। বার্তা প্রধান/সিএনই .....................টেলিভিশিন।
৩। সম্পাদক/বার্তা সম্পাদক .................. পত্রিকা।
৪। সভাপতি/সম্পাদক, RFED।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.go